"মুজিব বর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান"

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো**
৮৯/২ কাকরাইল, ঢাকা
কর্মসংস্থান শাখা
www.bmet.gov.bd

নম্বর : ৪৯.০১.০০০০.০২০.৩১.৪৮১(১).১৪.৭২১

তারিখ: ০৪ ফাল্গুন ১৪২৭ / ১৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : **অবৈধ দালালদের প্রতারণা থেকে বিদেশ গমনেচ্ছু কর্মীদের রক্ষা করার উদ্দেশ্যে রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধি নিয়োগ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৭.১০.২০২০ তারিখ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও বায়রা'র সাথে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধি নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়, বিএমইটি ও বায়রা'র সমন্বয়ে গঠিত কমিটি গত ২২.১০.২০২০ তারিখ এক সভায় মিলিত হয়। উক্ত সভায় অবৈধ দালালদের প্রতারণা থেকে বিদেশ গমনেচ্ছু কর্মীদের রক্ষা করার উদ্দেশ্যে রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধিদের পদবী নির্ধারণ, নিয়োগ প্রক্রিয়া, সংখ্যা এবং প্রতিনিধিদের দায়িত্ব ও আচরণ বিষয়ে বিভিন্ন সিদ্ধান্ত গৃহিত হয়।

২। বর্ণিতাবস্থায়, প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে গত ২২.১০.২০২০ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অবৈধ দালালদের প্রতারণা থেকে বিদেশ গমনেচ্ছু কর্মীদের রক্ষা করার উদ্দেশ্যে আগামী ০৭.০৩.২০২১ তারিখের মধ্যে রিক্রুটিং এজেন্সির প্রয়োজনীয় সংখ্যক প্রতিনিধি নিয়োগের নিমিত্ত রিক্রুটিং এজেন্সিগণকে নির্দেশনা প্রদানসহ বিএমইটি'কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৯ ফর্দ।

১৭/২/২১

(মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া)
উপসচিব
পরিচালক (কর্মসংস্থান)
ফোন: ০২-৮৩০০৫৬৫

প্রশাসক
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)
বায়রা ভবন, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ/ কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা
২. মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. পরিচালক (কর্মসংস্থান/ বহির্গমন), বিএমইটি, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপপরিচালক (অর্থ ও আইটি), বিএমইটি, কাকরাইল, ঢাকা (বিএমইটি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।

---

# বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২১/৭৪

তারিখঃ ২২/০২/২০২১

সদয় অবগতি ও সানুগ্রহ ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।

22/2/2021

(মুহাম্মদ মাকসুদুর রহমান)
সচিব (প্রশাসন), বায়রা।

**বিতরণঃ সম্মানিত সদস্য (সকল)**
বায়রা।

“মুজিব বর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো**
৮৯/২ কাকরাইল, ঢাকা
কর্মসংস্থান শাখা
www.bmet.gov.bd

নম্বর : ৪৯.০১.০০০০.০২০.৩১.৪৮১(১).১৪.৯৩৯৫

তারিখঃ ২০ কার্তিক ১৪২৭ / ০৪ নভেম্বর ২০২০

বিষয় : <u>অবৈধ দালালদের প্রতারণা থেকে বিদেশ গমনেচ্ছু কর্মীদের রক্ষা করার উদ্দেশ্যে রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধি নিয়োগের লক্ষ্যে গঠিত কমিটি'র সভার কার্যবিবরণী।</u>

সভার আহ্বায়ক : জনাব শামছুল আলম, মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা
সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ২২ অক্টোবর ২০২০, বিকাল ৩.০০ টা
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'

গত ০৭.১০.২০২০ তারিখ 'বায়রা'র সাথে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অবৈধ দালালদের প্রতারণা থেকে বিদেশ গমনেচ্ছু কর্মীদের রক্ষা করার উদ্দেশ্যে রিক্রুটিং এজেন্টগণের প্রয়োজনীয় সংখ্যক প্রতিনিধি নিয়োগের জন্য সুপারিশমালা/প্রস্তাবনা তৈরির লক্ষ্যে কমিটি গঠন করা হয় (পরিশিষ্ট 'খ')। কমিটি গত ২২ অক্টোবর ২০২০ তারিখ বিকাল ৩.০০ টায় বিএমইটি'র সম্মেলন কক্ষে এক সভায় মিলিত হন। সভার শুরুতে কমিটি'র আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্র/নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধিদের পদবী নির্ধারণ | সভায় রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধিদের 'স্থানীয় মার্কেটিং প্রতিনিধি' নামে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি |
| ২ | রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধিদের নিয়োগ প্রক্রিয়া | ২.১ রিক্রুটিং এজেন্টগণ নিজস্ব প্রক্রিয়ায় নিজেদের প্রতিনিধি নিয়োগপূর্বক বিএমইটি'কে অবহিত করবেন।<br>২.২ প্রতিনিধিদের নিয়োগ ও তাদের সকল দায় রিক্রুটিং এজেন্ট বহন করবেন।<br>২.৩ নিয়োগকৃত প্রতিনিধির জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র, পুলিশ সনদ (নিজ থানা থেকে সংগৃহিত) ও নিয়োগপত্রসহ বিএমইটি'কে অবহিত করবেন। | সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি |
| ৩ | রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধিদের সংখ্যা নির্ধারণ | ৩.১ রিক্রুটিং এজেন্ট প্রয়োজনীয় সংখ্যক প্রতিনিধি নিয়োগ করবেন। তবে, একই প্রতিনিধিকে একাধিক রিক্রুটিং এজেন্ট নিয়োগ করতে পারবেন না।<br>৩.২ রিক্রুটিং এজেন্টগণ নিয়োগকৃত প্রতিনিধিদের তালিকা বিএমইটি'তে দাখিল করবেন।<br>৩.৩ বিএমইটি রিক্রুটিং এজেন্টগণের তালিকা বিএমইটি'র সার্ভারে অন্তর্ভুক্তপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করবে। | - বিএমইটি<br>- সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি |
| ৪ | রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধিদের দায়িত্ব ও আচরণ | ৪.১ রিক্রুটিং এজেন্ট কর্তৃক নিয়োগকৃত প্রতিনিধি স্থানীয়ভাবে উপযুক্ত কর্মী সংগ্রহ করে উক্ত রিক্রুটিং এজেন্টের নিকট উপস্থাপন করবেন। | - বিএমইটি<br>- সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি |

| ক্র/নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | ৪.২ একটি রিক্রুটিং এজেন্সি কর্তৃক নিয়োগকৃত প্রতিনিধি অন্য কোন রিক্রুটিং এজেন্সির কার্যক্রমের সাথে সম্পৃক্ত হতে পারবেন না।<br>৪.৩ রিক্রুটিং এজেন্টদের প্রতিনিধিগণ বিদেশ গমনেচ্ছু কর্মীর সাথে বা এ সংক্রান্ত কোন প্রকার আর্থিক লেনদেন করতে পারবেন না।<br>৪.৪ কর্মীর অভিবাসন সংক্রান্ত সকল কার্যক্রমের জন্য বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ) বিধিমালা, ২০১৯ এর ৭(২) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্ট ও নিয়োগকৃত প্রতিনিধি উভয়ই দায়ী থাকবেন। | |

০২। সভায় উপস্থিত সকলকে গঠনমূলক আলোচনার জন্য ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

- স্বাক্ষরিত -
০৪.১১.২০
(মোঃ শামছুল আলম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বিএমইটি, ঢাকা
ও
কমিটি'র আহ্বায়ক

নম্বর : ৪৯.০১.০০০০.০২০.৩১.৪৮১(১).১৪.৯৩৯৫

তারিখঃ ২০ কার্তিক ১৪২৭
০৪ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. উপসচিব, কর্মসংস্থান-২, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩. পরিচালক (কর্মসংস্থান), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
৪. সহ-সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ঢাকা।
৫. মহাসচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ঢাকা।
৬. জনাব মোঃ মাসুদ রানা, উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।

অনুলিপি : সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিএমইটি, ঢাকা।
৩. মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ/ কর্মসংস্থান/ বহির্গমন), বিএমইটি, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
৭. অফিস কপি।

০৫.১১.২০

(ডি এম আতিকুর রহমান)
উপসচিব, পরিচালক (কর্মসংস্থান)
ও
কমিটি'র সদস্য-সচিব
ফোনঃ ০২-৮৩০০৫৬৫
Email: bmetdirectoremployment@gmail.com

O/C